রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, মার্চ ১০, ২০১০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**তথ্য মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ ফাল্গুন ১৪১৬ বঙ্গাব্দ/৯ মার্চ ২০১০ খ্রিস্টাব্দ

**"বিজ্ঞাপন ও ক্রোড়পত্র নীতিমালা-২০০৮-এর সংশোধনী"**

**নং তম/প্রেস-১/১এ-৩/২০০৫(অংশ)/৯৯**—তথ্য মন্ত্রণালয় কর্তৃক ২৮ মে ২০০৮ তারিখে তম/প্রেস-১/১এ-ত/২০০৫(অংশ)/২২৯ নম্বর স্মারকে জারীকৃত "বিজ্ঞাপন ও ক্রোড়পত্র নীতিমালা-২০০৮" সরকার নিম্নোক্তভাবে সংশোধন করিল ঃ—

"বিজ্ঞাপন ও ক্রোড়পত্র নীতিমালা-২০০৮" এর ২ ও ১২-এর 'ক' নং অনুচ্ছেদ নিম্নরূপে প্রতিস্থাপিত হবে ঃ

২ বিজ্ঞাপনদাতা সকল বিজ্ঞাপন সরাসরি সংবাদপত্রে প্রকাশের জন্য জারি করবে। বিজ্ঞাপন যাদের উদ্দেশ্যে প্রকাশ/প্রচার করা হচ্ছে তাদের কাছে পৌঁছানোর জন্য সংবাদপত্র বাছাইয়ের ক্ষেত্রে বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা/প্রকল্প সজাগ ও দায়িত্বশীল ভূমিকা পালন করবে। গণখাতের বিজ্ঞাপনসমূহ নিম্নোক্ত প্রকৃতির যে কোন একটি হতে পারে ঃ—

(ক) ক্রয় বিজ্ঞপ্তি/টেন্ডার/দরপত্র ইত্যাদি;

(খ) আইনগত নোটিশ;

(গ) সাধারণ গণবিজ্ঞপ্তি;



**মূল্য ঃ** টাকা ২.০০

(ঘ) নিয়োগ বিজ্ঞপ্তি ;

(ঙ) বিভিন্ন দ্রব্য বা সেবামূলক কাজের বিক্রয়োন্নয়ন ; এবং

(চ) ক্রোড়পত্র (টেক্সটসহ)।

ক্রয় বিজ্ঞপ্তি/টেন্ডার/দরপত্র ইত্যাদির জন্য বিজ্ঞাপন কমপক্ষে দুটি বহুল প্রচারিত জাতীয় দৈনিক সংবাদপত্রে (একটি বাংলা এবং একটি ইংরেজি) প্রকাশ করতে হবে (কার্যদিবস হলে ভাল)। বিজ্ঞাপন প্রকাশের তারিখে সংশ্লিষ্ট সংবাদপত্রের একাধিক সংস্করণ প্রকাশিত হলে বিজ্ঞপ্তিটি সকল (যেমন-নগর/মূল/প্রথম/দ্বিতীয় ইত্যাদি) সংস্করণেই প্রকাশ করতে হবে। এক কোটি টাকা বা তদূর্ধ্ব মূল্যমানের টেন্ডার বিজ্ঞপ্তি প্রকাশের জন্য বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সেন্ট্রাল প্রোকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট-এ পাঠাতে হবে। তাছাড়া অনলাইন/ওয়েবসাইটে প্রচার করা যাবে।

১২ (ক) ক্রোড়পত্র বলতে নির্ধারিত কোন বিশেষ দিবসে সরকারের সিদ্ধান্ত মোতাবেক দৈনিক (বাংলা/ইংরেজি) পত্রিকায় দিবসটির তাৎপর্য তুলে ধরে বিশেষ প্রকাশনাকে বুঝাবে।

ক্রোড়পত্র প্রকাশের দিবস নিম্নরূপ ঃ—

(১) ২১ ফেব্রুয়ারি-শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস;

(২) ১৭ মার্চ-জাতীয় শিশু দিবস;

(৩) ২৬ মার্চ-স্বাধীনতা ও জাতীয় দিবস;

(৪) ১৫ আগস্ট-জাতীয় শোক দিবস;

(৫) ১৬ ডিসেম্বর-বিজয় দিবস;

(৬) অন্যান্য দিবস।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, মে ২৯, ২০০৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**তথ্য মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৮ মে ২০০৮

## বিজ্ঞাপন ও ক্রোড়পত্র নীতিমালা-২০০৮

**নং তম/প্রেস-১/১এ-৩/২০০৫(অংশ)/২২৯**—বিজ্ঞাপন গ্রাহকদের অধিকতর সেবাদানের মাধ্যমে সংবাদপত্রের সুষ্ঠু বিকাশ, গুণগতমান উন্নয়ন, প্রচার সংখ্যা বৃদ্ধি, বস্তুনিষ্ঠতা অনুসরণে উৎসাহ দান এবং সর্বোপরি ওয়েজবোর্ড রোয়েদাদ বাস্তবায়নের লক্ষ্যে সরকার পূর্বেকার সকল বিজ্ঞাপন নীতি সংশোধন করে নিম্নোক্ত নীতিমালা প্রণয়ন করেছেন ঃ

| অনুচ্ছেদ নম্বর | বিজ্ঞাপন নীতিমালা |
|---|---|
| ১ | ২ |
| ১ | সকল মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর, পরিদপ্তর, প্রকল্প, স্বায়ত্তশাসিত সংস্থা, সরকার নিয়ন্ত্রিত পাবলিক লিমিটেড কোম্পানী এবং জেলা, উপজেলা, পৌরসভা ও সিটি কর্পোরেশনসহ অন্যান্য স্থানীয় প্রশাসন এই নীতিমালার আওতাভুক্ত হবে। এই সকল দপ্তর/সংস্থা/প্রকল্পগুলোকে গণখাতের ‘বিজ্ঞাপনদাতা’ বলে গণ্য করা হবে। |



**মূল্য ঃ** টাকা ৪.০০

| ১ | ২ |
|---|---|
| ২ | বিজ্ঞাপনদাতা সকল বিজ্ঞাপন সরাসরি সংবাদপত্রে প্রকাশের জন্য জারী করবে। বিজ্ঞাপন যাদের উদ্দেশ্যে প্রকাশ/প্রচার করা হচ্ছে তাদের কাছে পৌঁছানোর জন্য সংবাদপত্র বাছাইয়ের ক্ষেত্রে বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা/প্রকল্প সজাগ ও দায়িত্বশীল ভূমিকা পালন করবে। গণখাতের বিজ্ঞাপনসমূহ নিম্নোক্ত প্রকৃতির যে কোন একটি হতে পারে ঃ<br><br>(ক) ক্রয় বিজ্ঞপ্তি/টেন্ডার/দরপত্র ইত্যাদি;<br>(খ) আইনগত নোটিশ;<br>(গ) সাধারণ গণবিজ্ঞপ্তি;<br>(ঘ) নিয়োগ বিজ্ঞপ্তি; এবং<br>(ঙ) বিভিন্ন দ্রব্য বা সেবামূলক কাজের বিক্রয়োন্নয়ন।<br><br>ক্রয় বিজ্ঞপ্তি/টেন্ডার/দরপত্র ইত্যাদির জন্য বিজ্ঞাপন কমপক্ষে দুটি বহুল প্রচারিত জাতীয় দৈনিক সংবাদপত্রে (একটি বাংলা এবং একটি ইংরেজী) প্রকাশ করতে হবে (কার্যদিবস হলে ভাল)। বিজ্ঞাপন প্রকাশের তারিখে সংশ্লিষ্ট সংবাদপত্রের একাধিক সংস্করণ প্রকাশিত হলে বিজ্ঞপ্তিটি সকল (যেমন-নগর/মূল/প্রথম/দ্বিতীয় ইত্যাদি) সংস্করণেই প্রকাশ করতে হবে। এক কোটি টাকা বা তদূর্ধ্ব মূল্যমানের টেন্ডার বিজ্ঞপ্তি প্রকাশের জন্য বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সেন্ট্রাল প্রোকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট-এ পাঠাতে হবে। তাছাড়া স্বীকৃত অনলাইন/ওয়েবসাইটে প্রচার করা যাবে। |
| ৩ | জাতীয় পর্যায়ে বিজ্ঞাপন প্রদানের অতিরিক্ত হিসেবে সর্বাধিক দুটি বহুল প্রচারিত স্থানীয় বা আঞ্চলিক দৈনিক সংবাদপত্রে (দুটি বাংলা অথবা একটি বাংলা এবং একটি ইংরেজী) সর্বাধিক দু'দিন প্রকাশ করতে পারবে। সরকারি তালিকাভুক্ত সংবাদপত্রসমূহের তালিকা চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা হতে পাওয়া যাবে। |
| ৪ | দপ্তর/সংস্থা/প্রকল্পগুলোর ক্ষেত্রে গণখাতের অনুচ্ছেদ-২ এর 'ক' থেকে 'ঘ' পর্যন্ত বিজ্ঞপ্তির জন্য অনুচ্ছেদ-৮ এ বর্ণিত রেট ও শর্ত প্রযোজ্য হবে। |
| ৫ | বিভিন্ন দ্রব্য সেবা বিক্রয়ে নিয়োজিত সকল বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহের অনুচ্ছেদ-২ এর 'ক' থেকে 'ঙ'-এর উল্লেখিত বিজ্ঞাপনের জন্য সরকার নির্ধারিত বাণিজ্যিক হার চালু থাকবে। এই হার সরকারি হার হতে ৫০% বেশী হবে। বাণিজ্যিক বিজ্ঞাপন যতদূর সম্ভব বিজ্ঞাপনদাতাদের অভিপ্রায় অনুযায়ী পত্রিকা বিশেষে প্রচার করতে পারবে। |

| ১ | ২ |
|---|---|
| ৬ | কেবলমাত্র সরকারি তালিকাভুক্ত সংবাদপত্রসমূহে বিজ্ঞাপন প্রচার করা যাবে। তবে বিজ্ঞাপন পাওয়ার জন্য অনুচ্ছেদ ৭ এর শর্ত পূরণ করতে হবে। তালিকাভুক্তির জন্য সংবাদপত্রসমূহের মূল্য পরিশোধিত ন্যূনতম প্রচার সংখ্যা নিম্নরূপ হতে হবে যা চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক 'সংবাদপত্র ও সাময়িকীর নিরীক্ষা নীতিমালা-২০০৮' দ্বারা নিরীক্ষিত হবে ঃ |

(ক) দৈনিক পত্রিকা ঃ

| | |
|---|---|
| (১) ঢাকা | ৪,০০০ |
| (২) বিভাগীয় শহর (ঢাকা ব্যতীত) | ৩,০০০ |
| (৩) অন্যান্য স্থান | ২,০০০ |
| (খ) অর্ধ-সাপ্তাহিক, সাপ্তাহিক, পাক্ষিক, মাসিক, দ্বিমাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক ও বার্ষিক পত্রিকা/সাময়িকী। | ১,০০০ |

৭ অনুচ্ছেদ-৬ এর শর্ত অনুযায়ী বিজ্ঞাপন প্রচারের ক্ষেত্রে তালিকাভুক্ত সংবাদপত্রের নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনা করতে হবে ঃ

(ক) প্রচার সংখ্যা;

(খ) ওয়েজবোর্ড রোয়েদাদ বাস্তবায়ন;

(গ) বস্তুনিষ্ঠতা;

(ঘ) সরকারের উন্নয়ন কার্যক্রমের প্রচার; এবং

(ঙ) দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব, অখণ্ডতা এবং মুক্তিযুদ্ধের চেতনা ও আদর্শের পরিপন্থী কোন খবর; রাষ্ট্র পরিচালনার মূলনীতি এবং রাষ্ট্রীয় নীতির পরিপন্থী কোন খবর; বাংলাদেশের ইতিহাস ও ঐতিহ্য, শিক্ষা ও সংস্কৃতি, সামাজিক ও ধর্মীয় মূল্যবোধ, জাতীয় সংহতি ও রাষ্ট্রীয় ভাবমূর্তি ক্ষুণ্ন হয় এমন খবর; জাতীয় নিরাপত্তা বিঘ্নিত হয় এমন খবর; সাম্প্রদায়িক সম্প্রীতি ক্ষুণ্ন হয় বা কোন ধর্ম, সম্প্রদায় বা গোষ্ঠীর অনুভূতিতে আঘাত লাগতে পারে এমন খবর প্রচার এবং নগ্ন/অশ্লীল/বিভৎস/কুরুচিপূর্ণ ছবি বা বিজ্ঞাপন প্রকাশ করে না।

সরকার ঘোষিত সর্বশেষ ওয়েজবোর্ড রোয়েদাদ যে সকল সংবাদপত্রে বাস্তবায়িত হবে না সে সব সংবাদপত্রের জন্য সর্বশেষ ঘোষিত রেটের অব্যবহিত পূর্বের সরকারি বিজ্ঞাপন রেট প্রযোজ্য হবে।

| ১ | ২ |
|---|---|
| ৮ | সরকারি বিজ্ঞাপন রেট (হার) নিম্নরূপ হবে ঃ— |

(১) দৈনিক পত্রিকার ক্ষেত্রে ঃ

(ক) ঢাকা থেকে প্রকাশিত

| সংবাদপত্রের প্রচার সংখ্যা | হার (প্রতি কলাম ইঞ্চি) | মন্তব্য |
|---|---|---|
| (১) ৬,০০০–৭,০০০ | টাকা ২১০.০০ | প্রচার সংখ্যা ৫০০ অথবা তদূর্ধ্ব সংখ্যাকে ১০০০ গণ্য করা হবে। |
| (২) ৭,০০১–৩০,০০০ | প্রতি হাজারে ৩.০০ টাকা হারে বৃদ্ধি পাবে | |
| (৩) ৩০,০০১–৫০,০০০ | প্রতি হাজারে ২.০০ টাকা হারে বৃদ্ধি পাবে | |
| (৪) ৫০,০০১–৯০,০০০ | প্রতি হাজারে ১.৫০ টাকা হারে বৃদ্ধি পাবে | |
| (৫) ৯০,০০১ থেকে উর্ধ্বে | প্রতি হাজারে ১.০০ টাকা হারে বৃদ্ধি পাবে | |
| | সর্বোচ্চ = টাকা ৪৫০.০০। | |

(খ) বিভাগীয় শহর (ঢাকা ব্যতীত) থেকে প্রকাশিত

| সংবাদপত্রের প্রচার সংখ্যা | হার (প্রতি কলাম ইঞ্চি) | মন্তব্য |
|---|---|---|
| (১) ৪,০০০–৫,০০০ | টাকা ২০০.০০ | ৫০০ অথবা তদূর্ধ্ব সংখ্যাকে ১০০০ গণ্য করা হবে। |
| (২) ৫,০০১–৩০,০০০ | প্রতি হাজারে ২.৫০ টাকা হারে বৃদ্ধি পাবে | |
| (৩) ৩০,০০১–৫০,০০০ | প্রতি হাজারে ১.৫০ টাকা হারে বৃদ্ধি পাবে | |
| (৪) ৫০,০০১ থেকে উর্ধ্বে | প্রতি হাজারে ১.০০ টাকা হারে বৃদ্ধি পাবে | |
| | সর্বোচ্চ = টাকা ৩০০.০০। | |

(গ) জেলা শহর ও অন্যান্য স্থান থেকে প্রকাশিত

| সংবাদপত্রের প্রচার সংখ্যা | হার (প্রতি কলাম ইঞ্চি) | মন্তব্য |
|---|---|---|
| (১) ৩,০০০–৪,০০০ | টাকা ১৯০.০০ | ৫০০ অথবা তদূর্ধ্ব সংখ্যাকে ১০০০ গণ্য করা হবে। |
| (২) ৪,০০১–৩০,০০০ | প্রতি হাজারে ২.৫০ টাকা হারে বৃদ্ধি পাবে | |
| (৩) ৩০,০০১ থেকে উর্ধ্বে | প্রতি হাজারে ১.৫০ টাকা হারে বৃদ্ধি পাবে | |
| | সর্বোচ্চ = টাকা ২৭৫.০০। | |

২। অর্ধ সাপ্তাহিক, সাপ্তাহিক, পাক্ষিক, মাসিক, ত্রৈমাসিক পত্রিকা/সাময়িকীর ক্ষেত্রে ঃ

(ক) ঢাকা থেকে প্রকাশিত

| পত্রিকা/সাময়িকীর সংখ্যা | হার (প্রতি কলাম ইঞ্চি) | মন্তব্য |
|---|---|---|
| (১) ৩,০০০–৪,০০০<br>(২) ৪,০০১–১০,০০০<br>(৩) ১০,০০১ থেকে উর্ধ্বে | টাকা ১৩৬.০০<br>প্রতি হাজারে ৩.০০ টাকা হারে বৃদ্ধি পাবে<br>প্রতি হাজারে ২.৫০ টাকা হারে বৃদ্ধি পাবে<br>সর্বোচ্চ = টাকা ২০০.০০। | ৫০০ অথবা তদূর্ধ্ব সংখ্যাকে ১০০০ গণ্য করা হবে। |

(খ) বিভাগ/জেলা শহর এবং অন্যান্য স্থান থেকে প্রকাশিত

| পত্রিকা/সাময়িকীর সংখ্যা | হার (প্রতি কলাম ইঞ্চি) | মন্তব্য |
|---|---|---|
| (১) ২,০০০–৩,০০০<br>(২) ৩,০০১–১০,০০০<br>(৩) ১০,০০১ থেকে উর্ধ্বে | টাকা ১৩০.০০<br>প্রতি হাজারে ৩.০০ টাকা হারে বৃদ্ধি পাবে<br>প্রতি হাজারে ২.৫০ টাকা হারে বৃদ্ধি পাবে<br>সর্বোচ্চ = টাকা ১৮০.০০। | ৫০০ অথবা তদূর্ধ্ব সংখ্যাকে ১০০০ গণ্য করা হবে। |

৩। প্রত্যেক সংবাদপত্র/সাময়িকীর প্রাপ্য বিজ্ঞাপন রেট তথ্য মন্ত্রণালয়ের চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর সংরক্ষণ ও হালনাগাদ করবে।

৪। বিজ্ঞাপনদাতার নির্ধারিত তারিখের মধ্যে বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।

৫। বিজ্ঞাপনদাতা বিজ্ঞপ্তির সাইজ সীমিত রাখার উদ্দেশ্যে বিজ্ঞাপনের টপলাইন/শিরোনাম ১২ ফন্ট ও বডি/মেটার ১০ ফন্ট সাইজে এবং সিঙ্গেল স্পেসে কম্পিউটারে কম্পোজ করে কলামইঞ্চি মেপে তা উল্লেখ করে প্রচারের জন্য প্রেরণ করবেন। বিজ্ঞাপনদাতার উল্লেখিত কলামইঞ্চি বিল পরিশোধের জন্য চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৬। বিজ্ঞাপন প্রকাশের পর সংবাদপত্রসমূহ বিজ্ঞাপনের বিল সরাসরি বিজ্ঞাপনদাতার নিকট পেশ করবে। বিজ্ঞাপনদাতা তার নিজস্ব বাজেট থেকে বিধি মোতাবেক বিজ্ঞাপন বিল ক্রস চেকের মাধ্যমে পরিশোধ করবে এবং প্রাপ্ত বিল থেকে শতকরা ২ ভাগ হারে সার্ভিস চার্জ কর্তন করে সরকারি কোষাগারে জমা করবেন।

| ১ | ২ |
|---|---|
| ৯ | অনুচ্ছেদ-২ এর 'ঙ' এ বর্ণিত বিজ্ঞপ্তি যে কোন তালিকাভুক্ত সাপ্তাহিক, পাক্ষিক, মাসিক, ত্রৈ-মাসিক পত্রিকা/সাময়িকীতে প্রকাশ করা যাবে। |
| ১০ | সরকার অনুমোদিত বা স্বীকৃত জাতীয় প্রতিষ্ঠান, যেমন বিশ্ববিদ্যালয়, রোটারী ক্লাব, রেডক্রস, লায়ন্স ক্লাব ইত্যাদির স্যুভেনীর, সংকলন ও স্মরণীকায় সর্বোচ্চ ১০,০০০ (দশ হাজার) টাকার বিজ্ঞাপন দেয়া যাবে। |
| ১১ | সংবাদপত্র কর্তৃপক্ষ বিজ্ঞপ্তি প্রকাশের সংবাদ বিজ্ঞাপনদাতাকে টেলিফোন/অন্য কোন মাধ্যমে অবহিত করবে এবং তিন দিনের মধ্যে বিজ্ঞপ্তি সম্বলিত তিনটি পত্রিকা প্রেরণ করবে। |

**ক্রোড়পত্র নীতিমালা**

১২ (ক) ক্রোড়পত্র বলতে নির্ধারিত কোন বিশেষ দিবসে সরকারের সিদ্ধান্ত মোতাবেক দৈনিক (বাংলা/ইংরেজী) পত্রিকায় দিবসটির তাৎপর্য তুলে ধরে বিশেষ প্রকাশনাকে বুঝাবে। ক্রোড়পত্র প্রকাশের দিবস নিম্নরূপ ঃ

(১) ২১ ফেব্রুয়ারি - শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস;

(২) ২৬ মার্চ -স্বাধীনতা ও জাতীয় দিবস;

(৩) ১৬ ডিসেম্বর - বিজয় দিবস;

(৪) অন্যান্য দিবস।

(খ) ক্রোড়পত্র প্রকাশের জন্য সংবাদপত্রের নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনা করতে হবে ঃ

(১) মূল্য পরিশোধিত প্রচার সংখ্যা;

(২) সরকারি বিজ্ঞাপন ছাপানোর রেকর্ড;

(৩) বিজ্ঞাপন নীতিমালা অনুসরণের রেকর্ড;

(৪) ঢাকা ব্যতীত অন্যান্য ক্ষেত্রে স্থানীয় সংবাদপত্রের প্রচার সংখ্যা বিবেচনা করা হবে। সর্বোচ্চ প্রচার সংখ্যার কাছাকাছি সংবাদপত্রগুলোকে ক্রোড়পত্র বন্টনের ক্ষেত্রে পর্যায়ক্রমে বিবেচনা করা যাবে। অর্থাৎ একবার সর্বোচ্চ প্রচার সংখ্যার পত্রিকায় ক্রোড়পত্র দেয়া হলে পরবর্তীতে কাছাকছি প্রচারসংখ্যার অপরটিতে বা তৎপরবর্তীটিতে ক্রোড়পত্র দেয়া যাবে।

| ১ | ২ |
|---|---|
| | (গ) জাতীয় দিবসসমূহে এবং সরকারি সিদ্ধান্তে অন্য কোন দিবসে তথ্য মন্ত্রণালয়, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের মাধ্যমে ক্রোড়পত্র প্রকাশের ব্যবস্থা করবে । |
| | (ঘ) কোন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/প্রকল্প নিজস্ব উদ্যোগে ক্রোড়পত্র প্রকাশ করলে তার ব্যয়ভারসহ দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বহন করবে । |
| | (ঙ) ক্রোড়পত্র প্রকাশের পরবর্তী ১ (এক) কার্যদিবসের মধ্যে ঢাকার পত্রিকাসমূহ এবং ২ (দুই) কার্যদিবসের মধ্যে ঢাকার বাইরের পত্রিকাসমূহকে ক্রোড়পত্রের কপি সংশ্লিষ্ট ক্রোড়পত্র প্রদানকারী প্রতিষ্ঠানকে জমা দিতে হবে । |
| ১৩ | ক্রোড়পত্র প্রকাশের পর সংবাদপত্র-কর্তৃপক্ষ ক্রোড়পত্রের বিল সরাসরি ক্রোড়পত্রদাতার নিকট পেশ করবে । ক্রোড়পত্রের বিল অনুচ্ছেদ-৮ এ বর্ণিত হারে পরিশোধিত হবে । |
| ১৪ | এ আদেশ অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের সম্মতিক্রমে জারী করা হ'ল । আদেশ জারীর তারিখ থেকে ইহা কার্যকর হবে । |

**জামিল ওসমান**
সচিব ।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত ।
মোঃ আখ্তার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত ।